মেহেরপুরের নিউ সাত্তার ডেন্টালের ভুল চিকিৎসার খেসারত দিচ্ছে কিশোর

মেহেরপুর শহরের নিউ সাত্তার ডেন্টালের মালিক খোকনের ভুল চিকিৎসার খেসারত দিতে হচ্ছে বাহারইন প্রবাসী আবু সাজ্জাদ রুপম
(১৩) নামের এক কিশোরকে।

আবু সাজ্জাদ রুপম মেহেরপুর সদর উপজেলার নতুন মদনাডাঙ্গা গ্রামের আবুল কালাম আজাদের ছেলে। বর্তমানে রুপম ও তার পরিবারের লোকজন বাহারাইন প্রবাসী।

এখানে চিকিৎসার পর থেকেই ওই দাঁতটি ক্ষত সৃষ্টি হয়েছে। দাঁতের গোড়ায় পুঁজ সৃষ্টি হয়েছে।মাঝে মাঝে দাঁতে যন্ত্রণা উঠে তার মুখ ফুলে যায়। এছাড়া এখন চোখেও মারাত্বক যন্ত্রণা হচ্ছে বলে জানান রুপমের খালা দিলরুবা খাতুন।

তিনি বলেন, ইতোমধ্যে রুপমকে সেখানে চিকিৎসা করাতে গিয়ে প্রায় দেড় লাখ টাকা খরচ হয়েছে। এছাড়া পুরোপুরি সুস্থ্য করতে আরো ২ লাখ টাকা খরচ হবে।

আজ বৃহস্পতিবার (২৪ নভেম্বর) দুপুরের দিকে রুপমের খালা দিলরুবা খাতুন মেহেরপুর নিউ সাত্তার ডেন্টালে আসলে অকথ্য ভাষায় গালিগালাজসহ ইট দিয়ে মারতে যায় মো: খোকনের ছেলে সুজন আলী।

এঘটনায় রুপমের খালা দিলরুবা খাতুন বাদী হয়ে মো: খোকন ও তার ছেলে সুজন আলীর উপযুক্ত শাস্তির দাবিতে সদর থানায় একটি লিখিত অভিযোগ দিয়েছেন।

রুপমের খালার অভিযোগ, প্রায় তিন বছর পূর্বে তার বোনের ছেলে আবু সাজ্জাদ রুপমের একটি দাঁত টিউবওয়েলের হাতলে লেগে ফেটে যায়। পরে তাকে নিয়ে মেহেরপুর শহরের হোটেল বাজারের কাছে নিউ সাত্তার ডেন্টালে নিয়ে আসলে আঘাঁতপ্রাপ্ত দাঁতটি কেটে দেন ডাক্তার মো: খোকন। তবে দাঁতে ক্যাপ পরাবেন ঢাকার জনৈক ডাক্তার। তিনি ছোট শিশুর দাঁত কেটে দেওয়া মারাত্বকভাবে স্থানীয় ডাক্তারদের উপর চরম ক্ষিপ্রতা দেখান ঢাকা থেকে আসা ওই চিকিৎসক।

ছোট শিশুটির দাঁত কাটা ভুল হয়েছে বলে জানান ওই ডাক্তার। ক্যাপ পরাতে না চাওয়ায় ঢাকার ওই ডাক্তারকে মারতে যান সুজন আলী। পরে চাপাচাপিতে ঢাকার ডাক্তার ক্যাপ পরান। নিউ সাত্তার ডেন্টালের পক্ষে খোকন

১৫ হাজার টাকা চুক্তি ও রোগীর এই ক্যাপ ২০ বছরের গ্যারান্টি দেন খোকন আলী। কিন্তু তিন বছরের মধ্যে রোগীর দাতে ইনফেকশন শুরু হয়েছে। এখন রোগী এই দাঁতে ইনফেকশন হয়ে মৃত্যু ঝুঁকির মধ্যে পড়েছে। এই ঘটনায় ক্ষতিপুরণসহ অভিযুক্ত মো: খোকন ও তার ছেলে সুজন আলীর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণেরও আহবান জানান তিনি।

এব্যাপারে নিউ সাত্তার ডেন্টালের মালিক মো: খোকন বলেন, চিকিৎসায় কোনো ভুল ছিলনা। সব চিকিৎসায় এভাবে দু একটা রোগীর সমস্যা দেখা দিতে পারে।

মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) রফিকুল ইসলাম বলেছেন, আমি বাইরে ছিলাম। অভিযোগপত্রটি হয়তো বকসির কাছে রয়েছে। দেখে তদন্ত সাপেক্ষে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে।

শ্বাসত গ্রাম বাংলার চিরায়ত রূপ

শ্বাসত গ্রাম বাংলার কিছু চিরায়ত নিদর্শন শহর বা গ্রামঞ্চল ভেদে আমাদের নতুন প্রজন্মের কাছে জানা বিশেষ প্রয়োজন।সেই সূত্রে গাছ আমাদের সংস্কৃতিতে বিশাল স্থান দখল করে আছে।

গ্রামঞ্চলের মাঠ ঘাটে বিভিন্ন গাছের সমারোহ সৃষ্টি করে এক নৈসর্গিকতা। শিল্পীর আঁকা ছবির মতই দাঁড়িয়ে আছে গাছের সারি।

ছবিটি গাংনী উপজেলার ধর্মচাকী মাঠের মধ্যে থেকে তুলেছেন জুলফিকার আলী কানন।

মেহেরপুরে আনসার ভিডিপি সমাবেশ অনুষ্ঠিত

মেহেরপুর সদর উপজেলা আনসার ও গ্রাম ভিডিপি সমাবেশ আনসার সদস্যদের মাঝে বাইসাইকেল বিতরণ করা হয়েছে।
আজ বৃহস্পতিবার (২৪ নভেম্বর) সকালে আনসার ভিডিপি কার্যালয়ে এই সমাবেশ অনুষ্ঠিত হয়।

মেহেরপুর সদর উপজেলা নির্বাহী অফিসার ওবায়দুল্লাহের সভাপতিত্বে অনুষ্ঠিত সমাবেশে প্রধান অতিথির বক্তব্য রাখেন জেলা আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর জেলা কমান্ড্যন্ট সাহাদত হোসেন।

বিশেষ অতিথির বক্তব্য রাখেন মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) রফিকুল ইসলাম, সদর উপজেলা কৃষি অফিসার নাসরিন পারভীন, উপজেলা নির্বাচন অফিসার দোলন কান্তি চক্রবর্তী, আনসার ভিডিপি উন্নয়ন ব্যাংকের সদর শাখার ব্যবস্থাপক হেলাল উদ্দীন, মুজিবনগর উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা মিরাজুল ইসলাম, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর অতিরিক্ত সার্কেল অ্যাডজুটেন্ড আল মামুন, গাংনী উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা জিএম শাওন।

আনসার ভিডিপির ইউনিয়ন ও গ্রাম লিডারদের ভাল কাজের স্বীকৃতিসরুপ সদর উপজেলার সুবিদপুর সহকারী কোম্পানী সাইদুজ্জামান, বুড়িপুতা ইউনিয়ন দলনেতা কাওসার আলী, কেশবপুর ওয়ার্ড দলনেতা সানোয়ার, আমদহ গ্রামের ভিডিপি সদস্য জাহিদ আলী, দীঘিরপাড়া ওয়ার্ড দলনেতা সবুজ আলীকে বাইসাইকেল ও ৫ জন সদস্যকে ছাতা উপহার প্রদান করেন।

মেহেরপুর পুলিশের অভিযানে ৫ আসামি গ্রেফতার

২৪ ঘন্টার অভিযানে বিভিন্ন মামলার ৫ জন আসামিকে গ্রেফতার করেছে মেহেরপুর সদর ও গাংনী থানা পুলিশের পৃথক দল।
এদের মধ্যে মেহেরপুর সদর থানা পুলিশ ৪ ও গাংনী থানা পুলিশ ১ জনকে গ্রেফতার করেছে।

বুধবার দিবাগত রাতের বিভিন্ন সময়ে আজ বৃহস্পতিবার (২৪ নভেম্বর) ভোররাত পর্যন্ত দুটি উপজেলার বিভিন্ন স্থানে অভিযান চালিয়ে এসব আসামি গ্রেফতার করে পুলিশ।

গ্রেফতারকৃতদের মধ্যে রয়েছে, চুরি মামলায় ১ মাদক মামলায় ১ জন ও আদালতের পরোয়ানাভূক্ত আসামি ৩ জন।

মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) রফিকুল ইসলাম ও গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাকের নেতৃত্বে পুলিশের পৃথক টিম এসব অভিযান পরিচালনা করেন।

আজ বৃহস্পতিবার দুপুরের দিকে গ্রেফতারকৃতদের আদালতের মাধ্যমে জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

মেহেরপুরে মোবাইলে ভিডিও করে চাঁদা দাবী ২ নারীসহ ৪ জন গ্রেফতার

মোবাইল ফোনে ডেকে নিয়ে আটকিয়ে রেখে চাঁদা দাবী মামলায় চাদাঁবাজী চক্রের ২ নারী সদস্যসহ ৪ জনকে গ্রেফতার করেছে পুলিশ।

গ্রেফতারকৃতরা হলেন, মেহেরপুর শহরের ১ নং ওয়ার্ডের ঘোষপাড়া এলাকার শফিকুল ইসলামের স্ত্রী বহুল আলোচিত রুমানা ইয়াসমীন ওরফে

রুমা (৪৫), তার সহযোগী চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার চারুলিয়া গ্রামের খাঁপাড়া এলাকার রাসেল আহমেদের মেয়ে বর্তমানে বামনপাড়া এলাকায় ভাড়া বাসাতে বসবাসরত বিলকিস রাবেয়া ওরফে টুম্পা (২৫), মেহেরপুর ঘোষপাড়া এলাকার দুলাল শেখের ছেলে শাজাহান (২৬) ও আখের আলীর ছেলে হাসান আলী (২৮)।

এসময় তাদের কাছ থেকে চাঁদাবাজীর ১৭ হাজার টাকা ও ৫ টি মোবাইল সেট উদ্ধার করা হয়েছে। মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) রফিকুল ইসলাম এ তথ্য নিশ্চিত করেছেন।

এর আগে চুয়াডাঙ্গা শহরের ১ নং ওয়ার্ডের মাঝপাড়া এলাকার সব্জী আড়ৎ ব্যবসায়ী স্বপন আলীর স্ত্রী উম্মে রুমানা সিদ্দিকা বাদী হয়ে দন্ড বিধির ৩৪২/৩৮৫/৩৮৬/৩৮৭ ধারায় বুধবার (২৩ নভেম্বর) মেহেরপুর সদর থানায় একটি মামলা দায়ের করেন। যার মামলার নং ৩৩।

গ্রেফতারকৃত ৪ আসামিকে বুধবার বিকালের দিকে আদালতের মাধ্যমে কারাগারে পাঠানো হয়েছে।

চুয়াডাঙ্গা মাঝেরপাড়ার স্বপন এর স্ত্রী উম্মে রোমানা সিদ্দিকার দায়ের করা মামলার সূত্রে জানা গেছে, মঙ্গলবার মেহেরপুর শহরের ঘোষপাড়ার শফিকুল ইসলামের স্ত্রী রুমানা ইয়াসমিন তার সহযোগীদের নিয়ে চুয়াডাঙ্গা থেকে মোবাইল ফোনের মাধ্যমে স্বপনকে ঘোষপাড়ায় ডেকে নেন। পরে তাকে রোমানার বাড়িতে আটক রেখে স্বামীর মোবাইল ফোন থেকে মোবাইল ফোনে ২ লক্ষ টাকা চাঁদা দাবি করেন। কথাপোকথনের এক পর্যায়ে এত টাকা দিতে অপরাগত করলে সে ৩০ হাজার টাকা দাবী করে। পরে একটি এজেন্ট বিকাশ নং ০১৯৭০-৪৯০২৪৮ দেন। সেই বিকাশ মোবাইল নং এ দুই দফায় ৫ হাজার করে ১০ হাজার টাকা প্রদান করে বাদী। বাদী উম্মে রুমানা সিদ্দিকা বিষয়টি চুয়াডাঙ্গা ডিবি পুলিশকে অবহিত করলে চুয়াডাঙ্গা ডিবি পুলিশের একটি টিম মেহেরপুর পৌঁছে সদর থানা পুলিশের সহযোগিতা নিয়ে ঘোষপাড়া রোমানা ইয়াসমীন রুমার বাড়িতে অভিযান চালিয়ে স্বপনকে উদ্ধার করেন।এসময় এবং রুমানা ইয়াসমিনসহ, আবুল হাসন, শাজাহান আলী এবং বিলকিস খাতুনকে গ্রেফতার করেন।

পুলিশ সূত্রে জানা গেছে, রুমানা ইয়াসমীন একটি নারী চক্র গড়ে তুলে নারীদের দিয়ে ব্যবসায়ীসহ বিভিন্ন লোকজনকে প্রেমের সম্পর্ক গড়ে তুলে শারীরিক সম্পর্ক ও ভিডিও ধারণ করে ব্লাকমেইল ও চাঁদাবাজী করে আসছেন।

এদিকে পুলিশের টিম অভিযান চালিয়ে রোমানাসহ তার অপর তিন সহযোগীকে গ্রেফতারের সময় ঘোষপাড়া এলাকার লোকজন শ্লোগান দিতে থাকে তার বিচারের দাবীতে। নাম প্রকাশ না শর্তে এলাকাবিরা জানান, রোমানা ইয়াসমীন ওরফে রুমা একটি চক্র গড়ে তুলে দীর্ঘদিন যাবৎ অনৈতিক কার্যক্রম চালিয়ে আসছে। তার ভয়ে এলাকার মানুষজন তটস্থ থাকে। বিভিন্ন সময় অপরিচিত লোকজন তার বাড়িতে আসা যাওয়া করেন।

গাংনীতে অগ্নিকান্ড লক্ষাধিক টাকার ক্ষতি

রান্না ঘরের চুলার আগুনে অগিন্কান্ডের সূত্রপাত হয়ে সৃষ্ট অগ্নিকান্ডে ঘরে রাখা লক্ষাধিক টাকার ফসল ও অন্যান্য মালামাল পুড়ে ভস্মিভূত হয়েছে।

বুধবার (২৩ নভেম্বর) সন্ধ্যায় গাংনী ◌্উপজেলা শহরের মহিলা কলেজপাড়া এলাকার ময়নাল হকের বাড়িতে এই অগ্নিকান্ডের ঘটনা ঘটে।

বাড়ির মালিক ময়নাল হক বলেন, রান্না ঘরের চুলার আগুন থেকে অসাবধানতা বসত আগুন পাশের রুমে ছড়িয়ে পড়ে। ওই ঘরের মধ্যে থাকা ধান চালসহ অন্যান্য মালামাল পুড়ে গেছে। আনুমানিক লক্ষাধিক টাকার মালামাল পুড়ে গেছে বলে জানান তিনি।

স্থানীয়রা আগুন নেভানোর পাশাপাশি বামন্দী ফায়ার সার্ভিসকে খবর দেন।ফায়ার সার্ভিসের একটি টিম ঘটনাস্থলে পৌছানোর পূর্বেই সব মালামাল পুড়ে যায়।

মুজিবনগরে বিশ্ব টয়লেট দিবস উপলক্ষে ওয়েব ফাউন্ডেশনের র্যালী ও আলোচনা সভা

“অদৃশ্যকে দৃশ্যমান করো” এই প্রতিপাদ্যের মুজিবনগরে পালিত হয়েছে বিশ্ব টয়লেট দিবস। এই উপলক্ষে বুধবার সকাল ১১ টার দিকে উপজেলার বিশ্বনাথপুর গ্রামে আশার আলো সমিতির উদ্যোগে এবং water.org এর কারিগরি সহায়তায় এবং ওয়েব ফাউন্ডেশন

এক্সেস প্রকল্পের বাস্তবায়নে ও আয়োজনে র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। দিবসটি পালন উপলক্ষে আশার আলো মহিলা সমিতির সদস্যদের নিয়ে একটি র্যালি বের করা হয়। র্যালিটি কয়েকটি রাস্তা প্রদক্ষিন শেষে একই জায়গায় এসে শেষ হয়। পরে সেখানে ওয়েব ফাউন্ডেশন এর ইউনিট ম্যানেজার (ভারপ্রাপ্ত) আশিক ইকবালের সভাপতিত্বে একটু আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে মুজিবনগর উপজেলা জনস্বাস্থ্য ও প্রকৌশল কর্মকর্তা জাহাঙ্গীর আলম বলেন,
দৈনন্দিন জীবনে মানুষের মলমূত্রসহ বিভিন্ন ধরণের ময়লা আবর্জনার সুষ্ঠু ব্যবস্থাপনাই হলো স্যানিটেশন। বিশ্ব টয়লেট দিবস হল বিশ্বব্যাপী স্যানিটেশন সংকট মোকাবেলায় জাতিসংঘ কর্তৃক মনোনীত আন্তর্জাতিক ভাবে পালনের একটি দিন। এটি জাতিসংঘ, অনেক জাতীয় ও আন্তর্জাতিক সংস্থা, সরকারি ও বেসরকারি সংস্থা এবং সেচ্ছাসেবকরা প্রতি বছর ১৯ নভেম্বর পালন করে থাকে। স্যানিটেশন সংকট মোকাবেলায় সচেতনতা বাড়ানো এবং পদক্ষেপ গ্রহণে উৎসাহিত করার লক্ষ্য এই দিবস পালন করা হয়ে থাকে।

অনিরাপদ স্যানিটেশন ব্যবস্থার কারণে মানব বর্জ্য নদী, খাল বিল পুকুরে এবং মাটিতে ছড়িয়ে পড়ছে এবং ভূগর্ভস্থ পানি সম্পদকে দূষিত করছে। ভূগর্ভস্থের পানি কীভাবে দূষিত হচ্ছে, তা আমাদের কাছে দৃশ্যমান নয়, এমনকি সমস্যাটিও অদৃশ্য। মাটির নিচে পানির দূষণ হচ্ছে- তা অদৃশ্য থাকার কারণে আমাদের সকলের কাছে সমস্যাটি গুরুত্ব পায় না, এমনকি আমাদের বেশিরভাগ মানুষই তা উপেক্ষা করে থাকে। ফলে পানি দূষণের মাত্রা দিন দিন বৃদ্ধি পাচ্ছে। দূষিত পানি ব্যবহারের কারণে দরিদ্র ও প্রান্তিক মানুষকে সবচেয়ে বেশি অসুখ

বিসুখে কষ্ট ভোগ করতে হয়। মাটির নিচে পানি দূষণের অদৃশ্য সমস্যাকে সকলের সামনে দৃশ্যমান করে প্রচার করার জন্যই বিশ্ব টয়লেট দিবস পালনের আয়োজন করা হয়।

৩৬০ কোটিরও বেশি মানুষ এই আধুনিক যুগেও নিম্নমানের টয়লেট ব্যবহার করে এসব টয়লেট স্বাস্থ্যকে নষ্ট করতে পারে এবং পরিবেশকেও দূষিত করতে পারে। সঠিক স্যানিটেশন ব্যবস্থার অভাবে মানুষের মলমূত্র মাটি, নদী, খাল পুকুরে ছড়িয়ে পড়ে আমাদের মাটির নিচের পানির সম্পদ দূষিত হচ্ছে। আমাদের পৃথিবী বর্তমানে স্যানিটেশন সংকটের সম্মুখীন এবং সংকটের বিরুদ্ধে সচেতনতা বৃদ্ধির জরুরি প্রয়োজন রয়েছে। মানুষের মলমূত্রসহ ময়লা আবর্জনার নিরাপদ অব্যবস্থাপনা ভূগর্ভস্থ পানিকে দূষিত করছে। একটি স্বাস্থ্যসম্মত টয়লেট- মানুষের বর্জ্য দ্বারা পরিবেশ দূষিত হওয়া থেকে রক্ষা করতে পারে। এর জন্য প্রত্যেকের বাড়িতে একটি ভাল টয়লেট থাকা ও প্রয়োজনীয় স্বাস্থ্যবিধি চর্চা করা অত্যন্ত গুরুত্বপূর্ণ। টয়লেটের মাধ্যমে কার্যকরভাবে মানব বর্জ্য অপসারণ করা যায়। ভূগর্ভস্থ পানিতে স্যানিটেশন সংকট কীভাবে খারাপ প্রভাব ফেলে তার উপর মনোযোগ আকর্ষণের জন্য বিশ্ব ট্যালেট দিবস ২০২২ পালিত হচ্ছে।

বিশেষ অতিথির বক্তব্যে ওয়েভ ফাউন্ডেশন এর এ্যাকসেস প্রকল্পের ফিল্ড মনিটর নাহিদ ফাতেমা তামান্না বলেন, ওয়েভ ফাউন্ডেশন স্যানিটেশন সমস্যা সমাধান করার জন্য দরিদ্র পরিবারসমূহের মধ্যে টয়লেট স্থাপনের জন্য ঋণ প্রদান ও প্রয়োজনীয় কারিগরি সহায়তা প্রদান করছে। গত ২ বছরে ৩০ হাজারেরও বেশি পরিবারকে একশো কোটি টাকার বেশি ক্ষুদ্রঋণসহ প্রয়োজনীয় কারিগরি সহায়তা প্রদান করা হয়েছে। আগস্ট ২০২৩ মাসের মধ্যে আরও ১৬ হাজার পরিবারকে টয়লেট স্থাপনের জন্য ঋণসহায়তা বিতরণ করা হবে। বিশ্ব টয়লেট দিবস ২০২২ এর এই দিনে আসুন, আমরা আমাদের প্রত্যেকের বাড়িতে একটি সুন্দর স্বাস্থসম্মত টয়লেট স্থাপন করে প্রয়োজনীয় স্বাস্থ্যবিধি চর্চা করি। নারী-পুরুষ-শিশুদের স্বাস্থ্যসম্মত জীবন নিশ্চিত করি, শিশুরা সুস্থ ও মেধাবী হয়ে গড়ে উঠুক।

এসময় উপস্থিত ছিলেন ওয়েব ফাউন্ডেশনের কমিউনিটি ডেভেলপমেন্ট অফিসার বিপ্লব কুমার রায় সহ আশার আলো মহিলা সমিতির সদস্যবৃন্দ এবং এলাকার নারী পুরুষের স্কুলের শিক্ষার্থীরা।

মেহেরপুরে কথিত নারী সাংবাদিক প্রিয়া খান গ্রেফতার

অনৈতিক সম্পর্কের ছবি ও ভিডিও ধারণ করে ব্লাকমেইল করে অর্থ হাতিয়ে নেওয়ার অন্যতম হোতা কথিত সাংবাদিক নাজনীন খান প্রিয়া ওরফে প্রিয়া খানকে গ্রেফতার করেছে পুলিশ।

মেহেরপুর জেলা গোয়েন্দা পুলিশ (ডিবি), সদর থানা পুলিশ মঙ্গলবার দিবাগত রাতে শহরের হোটেল বাজার এলাকার ভাড়া বাসা থেকে প্রিয়া খানকে গ্রেফতার করেন।

এর আগে মনোয়ার হোসেন নামের এক ভূক্তভোগী মঙ্গলবার তাকে আসামি করে দণ্ডবিধির ৪১৭/৩৮৫/৩৮৬/৫০৬ ধারায় একটি মামলা দায়ের করেন। মামলা নং ৩২, তারিখ ২২/১১/২০২২ইং।

নাজনীন খান প্রিয়া চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার দুলালনগর গ্রামের নাজমুল হোসেনের মেয়ে। বর্তমানে মেহেরপুর শহরের হোটেল বাজার এলাকায় একটি ভাড়া বাসাতে বসবাস করছেন তিনি।

বাদীর অভিযোগপত্র থেকে জানা যায়, মানব উন্নয়ন কেন্দ্র মউকে চাকুরী সূত্রে মোছা: নাজনীন খান প্রিয়া ওরফে প্রিয়া খানের সাথে পরিচয় হয়। কাজের সূত্রে আমঝুপি ফার্ম সংলগ্ন মউক হেলথ কেয়ারের দায়িত্ব পালনের সময়ে গত তিন মাস আগের ২৩/০৮/২২ তারিখে আনুমানিক বেলা ১২টার সময়ে আমাকে ছাদে যাওয়ার জন্য ডাকলে, আমি সরল বিশ্বাসে ছাদে উঠলে, আমাকে জড়িয়ে ধরে বেশ কয়েকটি ছবি তোলে, আমি স্বাভাবিকভাবে সহজ-সরল বিশ্বাসে সহকর্মী হিসাবে তখন কিছু বলিনি। কিন্তু বর্তমানে নাজনিন খান প্রিয়া আসামাজিক আচারণের দায়ে মানব উন্নয়ন কেন্দ্র মউক হতে গত ৩০ সেপ্টেম্বর চাকুরিচ্যুত হন।

চাকরিচ্যুত হওয়ার পর গত দুই মাস যাবৎ তিনি বিভিন্ন সময়ে আমাকে পূর্বের সেই ঘনিষ্ট ছবিগুলি ভাইরাল করে দিবে ও পত্রিকায় সংবাদ ছাপানোর ভয় দেখিয়ে দুই লক্ষ টাকা চাঁদা দাবী করেন। ইতোমধ্যে আমি সামাজিক ও পারিবারিক ভয়ে তাকে বিশ হাজার টাকা প্রদান করেছি। এর পরে নাজনীন খান প্রিয়া বিভিন্ন নাম্বার থেকে ফোন দেওয়ায়, ভয়ে

আমি আমার ব্যবহৃত সিমটি ফেলে দিয়েছি। বর্তমানে আমি সব সময় আতঙ্কিত আছি যেকোন সময়ে নাজনীন খান প্রিয়াসহ তাদের গ্রুপ আমাকে ব্ল্যাক মেইল করে বড় ধরনের ক্ষয়-ক্ষতি ও মামলা-মোকদ্দমা করিয়ে সামাজিক ও পারিবারিক ভাবে হেয় প্রতিপন্ন করে নিঃস্ব করে দেবে।

মেহেরপুর সদর থানার ভাপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) রফিকুল ইসলাম বলেন, ভুক্তভোগীর মামলা দায়ের হওয়ার পর তার শহরের ভাড়া বাসাতে অভিযান চালিয়ে তাকে গ্রেফতার করা হয়েছে।

তিনি জানান, নাজনীন খান প্রিয়া শহরের বিত্তশালীদের সাথে প্রেমের সম্পর্ক করে তাদের সাথে শারীরিক সম্পর্ক গড়ে সেটি ভিডিও ধারণ করে। পরে সেই ভিডিও নিয়ে শুরু করে ব্লাকমেইলের মাধ্যমে চাঁদাবাজি।

ওসি রফিকুল ইসলাম জানান, নাজনীন খান প্রিয়াকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করার প্রস্তুতি চলছে।

একাধিক সূত্র জানা গেছে, নাজনীন খান প্রিয়াসহ ৮ থেকে ৯ জনের সুন্দরী নারী রয়েছেন। এসকল সুন্দরী নারীদের ব্যবহার করে মেহেরপুর শহরের কিছু সিনিয়র ও জুনিয়র সাংবাদিক ব্ল্যাকমেইল করে চাঁদা দাবী করেন বলেও পুলিশের কাছে অভিযোগ রয়েছে। তারা বিভিন্ন সময়ে পুরুষদের প্রেমের ফাঁদে ফেলে আসামাজিক কাজে লিপ্ত হয়। নাজনীন খান প্রিয়া মানব উন্নয়ন কেন্দ্র মউকের মাঠ কর্মী হিসেবে কাজ করতেন। পরে সে মানব উন্নয়ন কেন্দ্রের একটি ফেইসবুক পেইজ ‘মানবতার চোখ’ এ উপস্থাপক হিসেবে কাজ করেছেন। সে শহরে নিজেকে সাংবাদিক পরিচয় দিয়ে আসছিলেন।

গাংনীতে ডাকাতি মামলার ২ জনসহ গ্রেফতার-৩

গাংনী পৌরসভার বাঁশবাড়িয়া গ্রামে শিশুর গলায় রামদা ধরে ডাকাতির ঘটনায় ২ জনকে গ্রেফতার করেছে গাংনী থানা পুলিশ।

এরা হলেন, গাংনী পৌরসভার চৌগাছা গ্রামের শুভাসের ছেলে রান্টু
(৪০) ও বিমল গোমেজের ছেলে রনি গোমেজ(৩৫)।

গাংনী থানা পুলিশের একটি টিম মঙ্গলবার দিবাগত ভোররাতে গোপন সংবাদের ভিত্তিত্বে এই দুজনের বাড়িতে অভিযান চালিয়ে তাদের গ্রেফতার করে পুলিশ।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক এ তথ্য নিশ্চিত করেছেন।তিনি জানান, সোমবার (২১ নভেম্বর) দিনগত রাত ৭টার দিকে বাঁশবাড়িয়া গ্রামের দক্ষিণপাড়া এলাকার শরিফুল ইসলামের বাড়িতে ডাকাতির ঘটনা ঘটে।

৪-৫ জন ডাকাতরা মা ও জিম্মি করে ছেলেকে চিৎ করে শুইয়ে গলায় রামদা ধরে। ছেলের গলা কেটে দেওয়ার হুমকি দিয়ে স্বর্ণালংকার নিয়ে চলে যায়।

এই ডাকাতির ঘটনায় শরীফুল ইসলাম বাদী হয়ে ৩৯৫ ধারায় অভিযোগ এনে গাংনী থানায় একটি মামলা দায়ের করেন। যার মামলা ২৪, তারিখ ২২/১১/২০২২ইং।

এছাড়া চৌগাছা গ্রামের রোজিফার বাড়িতে চুরির ঘটনায় বাবুল আক্তার ওরফে কেরু (৩০) গ্রেফতার করা হয়েছে। কেরু গাংনী মহিলা কলেজপাড়া এলাকার মৃতু ইমাদুল ইসলামের ছেলে।

বুধবার (২৩ নভেম্বর) দুপুরের দিকে গ্রেফতারকৃত ৩ জনকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হরা হয়েছে।

মুজিবনগরের নাজিরাকোনা গ্রামে যুবমহিলা লীগের উঠান বৈঠক অনুষ্ঠিত

উন্নয়নের অগ্রযাত্রায় বাংলাদেশ। বাংলাদেশ যুবমহিলা লীগের কেন্দ্রীয় নির্বাহী সদস্য মেহেরপুর যুবমহিলা লীগের

দায়িত্বপ্রাপ্ত নেত্রী মেহেরপুরের নারী জাগরনের অগ্রদূত সৈয়দা মোনালিসা ইসলামের নির্দেশে। মুজিবনগর যুবমহিলা লীগের নেতৃত্বে দারিয়াপুর ইউনিয়নের ২ নম্বর ওয়ার্ডে যুবমহিলা লীগের উঠান বৈঠক অনুষ্ঠিত হয়েছে।

উঠান বৈঠকে মুজিবনগর উপজেলা যুবমহিলা লীগের সভাপতি তকলিমা খাতুন জনপ্রশাসন প্রতিমন্ত্রী এবং সৈয়দা মোনালিসা ইসলামের পক্ষে গ্রামের সাধারণ মহিলাদের বিভিন্ন অভাব, অভিযোগ ও সুখ দু:খের কথা শোনেন এবং
প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার

উন্নয়ন এবং প্রিয় নেতা ফরহাদ হোসেন এমপি এর কথা তৃণমূলে পৌঁছে দেওয়ার লক্ষ্যে বিশেষ করে মহিলাদের মাঝে তুলে ধরার মাধ্যমে, শেখ হাসিনার হাতকে শক্তিশালী করে, আগামী নির্বাচনে ফরহাদ হোসেনকে পুনরায় নির্বাচিত করার মাধ্য দিয়ে মেহেরপুর মুজিবনগরের উন্নয়নের ধারাকে অব্যাহত রাখতে মুজিবনগর উপজেলায় পর্যায়ক্রমে যুব মহিলালীগের আয়োজনে উঠান বৈঠক অনুষ্ঠিত হচ্ছে।তারই ধারাবাহিকতায়

বুধবার বিকেলে মুজিবনগর উপজেলা যুব মহিলা লীগের সভাপতি তকলিমা খাতুনের সভাপতিত্বে এবং দারিয়াপুর ইউনিয়ন যুব মহিলালীগের সভাপতি শাহিনা খাতুন এর

সঞ্চালনায় এই উঠান বৈঠকে ভার্চুয়ালি প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মেহেরপুরের নারী জাগরণের অগ্রদূত বাংলাদেশ আওয়ামী যুব মহিলা লীগের নির্বাহী সদস্য এবং জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেনের সহধর্মিনী সৈয়দা মোনালিসা ইসলাম।

উপস্থিত ছিলেন, মোনাখালী ইউনিয়ন যুবমহিলা লীগের সাধারণ সম্পাদক মরিয়ম খাতুন সহ বিভিন্ন ওয়ার্ড যুব মহিলালীগের সভাপতি সাধারণ সম্পাদক যুব মহিলা লীগের নেতাকর্মীবৃন্দ এবং বিপুল সংখ্যাক যুব মহিলা লীগের কর্মী ও সমর্থকবৃন্দ।